# জল দেখে ভয় লাগে

আমরা যেখানে যাবো শুনেছি সেখানে নাকি নেই
বাঁচার মত জল, জলস্রোত, বর্ষণ হবে না
নেই - পাখি ভীষণ নীল দগ্ধদেশে উদ্ভিদহীনতা
হা হা করে দিনমান। বাতাসের বিলাসী বিরোধে
বিহঙ্গ বিব্রত হয়, সূর্য থাকে সর্বদা মাথায়
নিঃশব্দে চলতে হয় দ্ধাসে, অসহ্য গরম
ভেদ করে অন্ত্রনালী, গাত্রবর্ণ কালো হয়ে যায়,
জ্বরের লক্ষণ প্রায় ফুটে ওঠে সর্বাঙ্গে তখন।

আমরা ক'জন এই সমান বয়সী সহোদর
যাইনি নদীর পথে জল দেখে ভয় লাগে বলে
তরলে তর্পণহীন চিরদিন তৃষ্ণার্ত থেকেছি।
তরণী বোঝাই তাই নিলেন না গম্ভীর পাটুনী
শস্যের উদ্ধৃত্ত আঁটি পড়ে আছি ডাঙার ওপর।

আমরা প্রতীকহীন হাতে কোনো পতাকা নিইনি।
আমাদের সঙ্গে এক বাউলের বিধবা যাবেন
উষ্ণ বয়সিনী এই বঙ্গ নাম্নী বৈষ্ণবীটি ছাড়া
তৃষ্ণার রাস্তায় আর অন্য কোন যুবতী যাবে না।

আল মাহমুদ

সৃষ্টিসন্ধান